

-: বহিরাগত প্রতিযোগিতার বিবরণ :-

নিম্নে উল্লেখিত বিভাগ গুলিতে কৃষ্টির কোনো বিভাগের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করতে পারবে না

আ বৃ ত্তি প্র তি য়ো গি তা

বিভাগ	শ্রেণী	বিষয়	সময়
'ক'	নার্সারি থেকে দ্বিতীয় শ্রেণী পর্যন্ত	দামোদর শেঠ - রবীন্দ্রনাথ ঠাকুর	অগাষ্ট মাসের ১ থেকে ৭
'খ'	তৃতীয় থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত	একুশে আইন - সুকুমার রায়	তারিখ, সকাল ৬ টা
'গ'	ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত	সিঁড়ি - সুকান্ত ভট্টাচার্য	থেকে ১০ টার মধ্যে
'ঘ'	নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত	ভারতবর্ষ - শমীন্দ্র ভৌমিক	ভিডিও পোস্ট করতে
'ঙ'	সর্বসাধারণ	একটা গাছতলায় দাঁড়িয়ে - সুনীল গঙ্গোপাধ্যায়	হবে। ভিডিওর অতিরিক্ত সময়সীমা ৩মি.

র বী ন্দ্র স ং গী ত প্র তি য়ো গি তা

বিভাগ	শ্রেণী	বিষয়	সময়
'ক'	১ম থেকে ৪র্থ শ্রেণী	নিজের পছন্দমত একটি গান	অগাষ্ট মাসের ১ থেকে ৭
'খ'	৫ম থেকে ৮ম শ্রেণী	নিজের পছন্দমত 'বিচিত্র / স্বদেশ' পর্যায়ের যে কোনো একটি গান।	তারিখ, সকাল ৬ টা
'গ'	৯ম থেকে তদুর্ধ্ব	নিজের পছন্দমত 'প্রেম পর্যায়' / 'ভানুসিংহের পদাবলী'-র যে কোনো একটি গান।	থেকে ১০ টার মধ্যে
			ভিডিও পোস্ট করতে
			হবে। ভিডিওর অতিরিক্ত সময়সীমা ৩মি.

নৃত্য প্র তি য়ো গি তা

বিভাগ	শ্রেণী	বিষয়	সময়
'ক'	নার্সারি থেকে ১ম শ্রেণী	যে কোনো বাংলা গানে নৃত্য	অগাষ্ট মাসের ১ থেকে ৭
'খ'	২য় থেকে ৪র্থ শ্রেণী	লোক নৃত্য	তারিখ, সকাল ৬ টা থেকে ১০
'গ'	৫ম থেকে ৮ম শ্রেণী	রবীন্দ্র নৃত্য	টার মধ্যে ভিডিও পোস্ট করতে
'ঘ'	৯ম থেকে তদুর্ধ্ব	নজরুল নৃত্য	হবে। ভিডিওর অতিরিক্ত সময়সীমা ১মি. ৩০সে.

অঙ্কন প্র তি য়ো গি তা

বিভাগ	শ্রেণী	বিষয়	সময়
'ক'	প্রথম শ্রেণী পর্যন্ত	যেমন খুশি আঁকো	অগাষ্ট মাসের ৯ তারিখ,
'খ'	দ্বিতীয় থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত	যেমন খুশি আঁকো	সকাল ৯ টা। Online
'গ'	পঞ্চম থেকে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত	বর্ষা ঋতু	(Teamlink App) এর
'ঘ'	সপ্তম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত	১৫ই অগাষ্ট	মাধ্যমে হবে। বিশদ জানতে
'ঙ'	নবম থেকে তদুর্ধ্ব	বর্তমান মহামারীর প্রেক্ষাপট	নিয়মাবলী দেখুন।

-: অনলাইন প্রতিযোগিতার নিয়মাবলী :-

- * WhatsApp এর মাধ্যমে সমস্ত প্রতিযোগিতা সম্পন্ন হবে। প্রতিযোগীদের নিজ নিজ গ্রুপে ভিডিও পোস্ট করতে হবে।
- * যে কোনো প্রতিযোগীকে একাধিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য পৃথক পৃথকভাবে নাম নথিভুক্ত করতে হবে।
- * ভিডিও করার সময় প্রতিযোগী যে শ্রেণীতে পাঠরত তার যে কোনো প্রমাণপত্রের ফটোকপি এক সঙ্গে পোস্ট করতে হবে।
- * একই প্রতিযোগিতার দুটি বিভাগে (যেমন শ্রেণীগত বিভাগ এবং সর্বসাধারণ) অংশ নেওয়া যাবে না।
- * পুরো প্রতিযোগিতার ২ টি রাউন্ড হবে। প্রথম রাউন্ডের জন্য কোনো এন্ট্রি ফি লাগবে না। ফাইনাল রাউন্ডের জন্য এন্ট্রি ফি ১০০ টাকা।
- * প্রত্যেকটি বিভাগ থেকে কত জন করে প্রতিযোগী চূড়ান্ত পর্বের (ফাইনাল রাউন্ডের) জন্য বিবেচিত হবে তা কৃষ্টির কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিবে। চূড়ান্ত পর্বের সূচী পরিবর্তন হতে পারে।
- * প্রথম রাউন্ডের প্রতিযোগিতা অগাষ্ট মাসে ১ থেকে ৭ তারিখের মধ্যে সম্পন্ন হবে। অঙ্কন প্রতিযোগিতার প্রথম পর্ব ৯ই অগাষ্ট অনুষ্ঠিত হবে।
- * কৃষ্টি-র চাহিদা অনুযায়ী ভিডিও ক্লিপ নির্ধারিত সময়ের মধ্যেই জমা করতে হবে।
- * ভিডিও ক্লিপ কোনোভাবেই এডিট করা যাবে না। একটানা রেকর্ড হতে হবে।
- * প্রয়োজন বোধে অনলাইন লাইভ প্রতিযোগিতার জন্য প্রস্তুত থাকতে হবে।
- * প্রত্যেক প্রতিযোগীকে পরিবেশনার আগে প্রতিযোগিতার বিভাগ, নিজের নাম, ক্লাস, বিদ্যালয়ের নাম ও ফোন নম্বর উল্লেখ করা বাধ্যতামূলক।
- * নৃত্যের ক্ষেত্রে ভিডিওর অতিরিক্ত সময়সীমা ১মি. ৩০সে। নৃত্যের উপযোগী পোশাক পরে নৃত্য পরিবেশন করতে হবে।
- * প্রতি রাউন্ডের সফল প্রতিযোগীদের ফোনে, মেসেজে অথবা কৃষ্টি-র পেজে জানিয়ে দেওয়া হবে।
- * বয়স জনিত বা শ্রেণীগত কোনরকম বিতর্কের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিযোগীকেই সত্যতা / বিরুদ্ধতা প্রমাণ করতে হবে।
- * অঙ্কন প্রতিযোগিতা Online (Teamlink App) এর মাধ্যমে হবে। প্রতিযোগীদের Teamlink App Download করতে হবে। প্রতিযোগিতার দিন WhatsApp এর মাধ্যমে লিঙ্ক পাঠানো হবে প্রতিযোগিতা শুরুর ৫ মিনিট আগে।
- * ৯ই অগাষ্ট সকাল ৯ টায় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সমস্ত বিভাগের জন্য সময় ১ঘ. ৩০ মি।
- * অঙ্কন প্রতিযোগিতা শেষে ৫ মিনিটের মধ্যে ছবিটির ছবি তুলে পোস্ট করতে হবে আমাদের গ্রুপে। ছবি তোলার আগে আঁকা ছবির যে কোনো ফাঁকা অংশে প্রতিযোগিতার বিভাগ, নিজের নাম, ক্লাস, বিদ্যালয়ের নাম ও ফোন নম্বর লেখা বাধ্যতামূলক। উল্লিখিত সময়ের মধ্যে পোস্ট না পেলে ছবি বাতিল বলে গণ্য হবে, এক্ষেত্রে Network Problem এর কোনো কারণ দেখানো যাবে না।
- * কাগজের মাপ - ১১ ইঞ্চি / ১৪ ইঞ্চি, অর্থাৎ আর্ট পেপারের চার ভাগের এক ভাগ।
- * যেকোনো বিষয়েই বিচারকগণের সঙ্গে আলোচনা ক্রমে কৃষ্টি-র মতামতই চূড়ান্ত বলে গণ্য হবে।
- * উল্লিখিত নিয়ম বহির্ভূত কোনো পোস্ট গ্রহণযোগ্য বলে গণ্য হবে না।
- * অনিবার্য কারণবশত প্রতিযোগিতার দিন পরিবর্তন হতে পারে।
- * বিশদে জানতে কৃষ্টির ওয়েব পেজ ফলো করুন www.krishtiindia.com
- * প্রথম পর্বের (1st Round) ফলাফল ১৫ই অগাষ্ট বিকেল ৫ টায় WhatsApp গ্রুপে প্রকাশ করা হবে।